



একজন শিক্ষকের আবেদন
 উপজেলা সহকারী শিক্ষা
 অফিসারদের প্রধান কাজ প্রশাসনিক
 নয়, প্রধান কাজ শ্রেণীর পাঠ
 উন্নয়নে শিক্ষকদের সাথে একত্র
 হওয়া প্রাথমিক শিক্ষার সাবিক
 উন্নয়নে সহায়তা করা। কিন্তু
 ইদানীং ফটিকছড়ির সহকারী
 শিক্ষা অফিসাররা এক একজন
 প্রশাসনিক কর্মকর্তা গাজিয়া
 গিয়াছেন। টাকার জন্য তাহারা
 শিক্ষকদের উপর প্রশাসনকে বাব-
 হার করিতেছেন। তাঁদের বিদ্যা-
 লয় পরিদর্শনের প্রধান উদ্দেশ্য
 শিক্ষার উন্নয়ন নয় বরং উপার্জ-
 নের একটা উপায়। নিছক 'ছুতা'
 ধরিয়া শিক্ষকদিগকে নাজেহাল
 করিতেছেন। একজন শিক্ষক
 তখনই ভালো শিক্ষাদান করিবেন
 যখন তাহার মন ভাল থাকিবে।
 এমতাবস্থায় উপজেলা চেয়ারম্যান-
 সহ সংশ্লিষ্ট কত পক্ষের নিকট
 আবেদন প্রাথমিক বিদ্যালয়
 শিক্ষকদিগকে সহকারী শিক্ষা
 অফিসারদের দোরান্না হইতে রক্ষা
 করিয়া তাহাদিগকে মূল্যবান মন
 নিয়া শিক্ষাদানের ব্যবস্থা করুন।
 একজন শিক্ষক, ফটিকছড়ি,
 চট্টগ্রাম।

**ময়মনসিংহে নৈশবিদ্যালয়
 চাই**

আমরা বেশ কিছুসংখ্যক যুবক
 বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে পেটের
 দায়ে কাজ করি। দারিদ্র্যের
 কারণে লেখাপড়া করার সুযোগ
 পাইনি। আমরা চাই বই হোক
 আমাদের নিত্যসঙ্গী। তাই শিক্ষা
 মন্ত্রণালয়ের নিকট আবেদন জানাই
 যে, ময়মনসিংহে নৈশবিদ্যালয়
 চালু করে বয়স্কদের শিক্ষার
 ব্যবস্থা করা হোক।
 মোঃ আবুল হোসেন
 ১৭, জে, সি, গুহ রোড,
 ময়মনসিংহ।